

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সেতু বিভাগ  
বাজেট অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ৩০ চৈত্র ১৪২৭/১৩ এপ্রিল ২০২১

নং ৫০.০০.০০০০.০০০.২২.০০২.২০.৩—পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের পুনর্বাসন এলাকায় ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের অনুকূলে পুট বরাদ্দ নীতিমালা (সংশোধিত ২০২০) এর অনুচ্ছেদ ৮.৩ অনুচ্ছেদ ৮.৩(ক) হিসেবে গণ্য হবে এবং উহার পর নিম্নরূপ ২টি অনুচ্ছেদ যথাক্রমে ৮.৩ (খ) ও ৮.৩ (গ) সন্নিবেশিত হবে :

(খ) উপরে বর্ণিত ৮.১, ৮.২ ও ৮.৩ (ক) অনুচ্ছেদ অনুসরণ করার পরও যদি কোনো পুনর্বাসন সাইটে বাণিজ্যিক পুট/উন্মুক্ত বাণিজ্যিক স্পেস বরাদ্দের জন্য উপযুক্ত ক্ষতিগ্রস্ত ব্যক্তি পাওয়া না যায় তবে সংশ্লিষ্ট পুনর্বাসন সাইটে খালি থাকা বাণিজ্যিক পুট/উন্মুক্ত বাণিজ্যিক স্পেসসমূহ বরাদ্দের জন্য উক্ত পুনর্বাসন সাইটে বসবাসকারী (পুট বরাদ্দপ্রাপ্ত) যে সব পরিবার (১) আরএস এর বাইরে দোকান দিয়ে ব্যবসা করে জীবিকা নির্বাহ করছে (২) আরএস এর অভ্যন্তরে নিজ আবাসিক পুটে দোকান দিয়ে ব্যবসা-বাণিজ্য করছে (৩) আরএস এর অভ্যন্তরে বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর মালিকানাধীন খালি জায়গায় অস্থায়ীভাবে দোকানঘর তৈরি করে ব্যবসা-বাণিজ্য করছে তাদের মধ্য থেকে আগ্রহীদের আবেদনের ভিত্তিতে বাণিজ্যিক পুট/উন্মুক্ত বাণিজ্যিক স্পেস বরাদ্দ করা যাবে। যদি সংশ্লিষ্ট পুনর্বাসন সাইটের আগ্রহী ব্যক্তির সংখ্যা খালি থাকা বাণিজ্যিক পুট/উন্মুক্ত বাণিজ্যিক স্পেসের চেয়ে বেশি হয় তবে তালিকা তৈরি করে লটারির মাধ্যমে অবশিষ্ট বাণিজ্যিক পুট/উন্মুক্ত বাণিজ্যিক স্পেস বরাদ্দ করা যাবে।

( ৭৮০১ )

মূল্য : টাকা ৪০০

- (গ) অনুচ্ছেদ ৮.৩ (খ) অনুসরণ করার পরও যদি কোনো পুনর্বাসন সাইটে বাণিজ্যিক প্লট/উন্মুক্ত বাণিজ্যিক স্পেস অবশিষ্ট থাকে তবে সংশ্লিষ্ট পুনর্বাসন সাইটের পার্শ্ববর্তী এলাকায় বসবাসকারী ক্ষতিগ্রস্ত যে সকল পরিবার দোকান দিয়ে ব্যবসা করে জীবিকা নির্বাহ করছে এরূপ আগ্রহী ব্যক্তি বা পরিবারের অনুকূলে অবশিষ্ট বাণিজ্যিক প্লট/উন্মুক্ত বাণিজ্যিক স্পেস বরাদ্দ করা যাবে। যদি আগ্রহী ব্যক্তির সংখ্যা খালি থাকা বাণিজ্যিক প্লট/উন্মুক্ত বাণিজ্যিক স্পেসের চেয়ে বেশি হয় তবে তালিকা তৈরি করে লটারির মাধ্যমে অবশিষ্ট বাণিজ্যিক প্লট/উন্মুক্ত বাণিজ্যিক স্পেস বরাদ্দ করা যাবে।

নীতিমালার অন্যান্য সকল অনুচ্ছেদ অপরিবর্তিত থাকবে। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মুহাম্মাদ রেজায়ে রাক্বী  
উপসচিব।